



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/9/2023

গভর্নর ক্যাথি হোকল

টাইটেল 42-এর মেয়াদ শেষ হয়ে আসার এই সময়ে নিউ ইয়র্কে এসে পৌঁছানো প্রত্যাশিত আশ্রয় প্রার্থীদেরকে সহায়তা করার জন্য স্টেট ও মিউনিসিপ্যালিটিগুলোকে অধিকতর নমনীয়তা প্রদান করে গভর্নর হোকলের নির্বাহী আদেশ জারি

এই নতুন নির্বাহী আদেশ স্টেট ও মিউনিসিপ্যাল পর্যায়ের ক্রয় সক্ষমতা সম্প্রসারণ করা এবং লজিস্টিক সহায়তা প্রদান করার জন্য ন্যাশনাল গার্ডের সক্ষমতা বৃদ্ধি করার মাধ্যমে আশ্রয় প্রার্থীদের জন্য সহায়তা জোরদার করবে

এই আদেশ 24 অর্থবছরের স্টেট বাজেটে অন্তর্ভুক্ত নিউ ইয়র্ক সিটির সহায়তা প্রদানের প্রচেষ্টায় সহায়তা করার জন্য স্টেটকে 1 বিলিয়ন ডলারেরও বেশি অর্থ দ্রুত মোতায়েন করার সুযোগ করে দিবে

11 মে তারিখে ফেডারেল টাইটেল 42 অভিবাসন সংক্রান্ত নীতিমালার মেয়াদ শেষ হয়ে আসার এই সময়ে, গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কে এসে পৌঁছাবেন বলে প্রত্যাশা করা হচ্ছে এমন আশ্রয় প্রার্থীদেরকে সহায়তা প্রদান করতে সাহায্য করার জন্য একটি নির্বাহী আদেশ জারি করেছেন। এই নির্বাহী আদেশ স্টেটকে আশ্রয় প্রার্থীদেরকে সহায়তা করার জন্য মিউনিসিপ্যালিটিগুলোর জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ ক্রয় করার ক্ষেত্রে স্টেটকে অধিকতর নমনীয়তা প্রদান করবে এবং সেইসাথে স্টেটকে লজিস্টিক ও কার্যপরিচালনা সংক্রান্ত সহায়তা প্রদানে নিয়োজিত ন্যাশনাল গার্ড বাহিনীর সদস্যদের সংখ্যা বৃদ্ধির করার সুযোগ প্রদান করবে।

"একবছরেরও বেশি সময় ধরে, আমরা নিউ ইয়র্ক সিটিতে এসে পৌঁছানো আশ্রয় প্রার্থীদের বৃহৎ সংখ্যা মোকাবেলা করার জন্য ফেডারেল সংস্থানসমূহ পাওয়ার জন্য সহায়তা ও সমর্থন প্রদান করতে মেয়র অ্যাডামসের সঙ্গে নিবিড়ভাবে কাজ করে আসছি।" **বলেছেন গভর্নর হোকল।**
"টাইটেল 42-এর মেয়াদ শেষ হয়ে আসায়, মাঠ পর্যায়ে পরিস্থিতির উল্লেখযোগ্য পরিবর্তন ঘটবে বলে আশংকা করা হচ্ছে এবং এই নির্বাহী আদেশ হবে আমাদের সমন্বিত সাড়াদান প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ। এই পরিস্থিতি মোকাবেলায় কাজ করে যাওয়ার এই সময়ে আমি মেয়র অ্যাডামস এবং নিউ ইয়র্ক জুড়ে কাউন্টি এক্সিকিউটিভদের সঙ্গে কথা বলেছি।"

নির্বাহী আদেশের একটি কপি [এখানে](#) পাওয়া যাবে।

নির্বাহী আদেশ 28 স্টেট এবং লোকালয়গুলোকে আশ্রয় প্রার্থীদের প্রত্যাশিত আগমনের প্রতি দ্রুত সাড়া দানের সুযোগ প্রদান করছে। এটি ন্যাশনাল গার্ডের যেসব সদস্য বর্তমানে পোর্ট অথরিটি এবং আশ্রয়কেন্দ্রের সাইটগুলোতে লজিস্টিক ও কার্যপরিচালনা সংক্রান্ত সহায়তা প্রদান করছেন তাদের সঙ্গে বাড়তি 500 জন সদস্য মোতায়েন করার জন্য নিউ ইয়র্ক স্টেটকে সুযোগ প্রদান করবে, যার ফলে মোতায়েনকৃত মোট বাহিনীর সদস্য সংখ্যা আনুমানিক 1,500-তে পৌঁছাবে। এছাড়াও এটি স্টেট ও লোকালয়গুলোকে খাদ্য ও সরঞ্জাম সহ প্রয়োজনীয় সাপ্লাই ও সংস্থানসমূহ দ্রুত ক্রয় করার সুযোগ প্রদান করবে।

গভর্নর হোকল 24 অর্থবছরের বাজেটে আশ্রয় প্রার্থীদেরকে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক সিটিতে সাহায্য করতে 1 বিলিয়ন ডলারেরও বেশি তহবিল সংগ্রহ করতে আইনসভার সঙ্গে কাজ করেছেন, এবং এই নতুন নির্বাহী আদেশ স্টেট ও মিউনিসিপ্যাল পর্যায়ের কর্মকর্তাদেরকে টাইটেল 42-এর মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরে এসে পৌঁছাবেন বলে প্রত্যাশা করা হচ্ছে এমন আশ্রয় প্রার্থীদের বৃহৎ সংখ্যা মোকাবেলা করার জন্য এসব সংস্থানসমূহ দ্রুত কাজে লাগানোর সুযোগ প্রদান করবে। এর মধ্যে আশ্রয় কেন্দ্রের ব্যয়ের জন্য 741 মিলিয়ন ডলার, চলমান ন্যাশনাল গার্ডের উপস্থিতি বজায় রাখতে সহায়তা করার জন্য 162 মিলিয়ন ডলার, NYC কেয়ার (NYC Care)-এর মাধ্যমে স্বাস্থ্যসেবার জন্য 137 মিলিয়ন ডলার, 26 মিলিয়ন ডলারের সরকারি সহায়তা, স্থায়ী আবাসনে পরিবারগুলোর স্বেচ্ছামূলক স্থানান্তরের জন্য 25 মিলিয়ন ডলার এবং অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) মাধ্যমে বর্ধিত সহায়তার জন্য বাড়তি 5 মিলিয়ন ডলার, এবং অফিস অফ নিউ আমেরিকান্স (Office of New Americans)-এর মাধ্যমে আইনি সহায়তার জন্য 10 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

গভর্নর হোকল বাড়তি ফেডারেল সহায়তা পাওয়ার জন্য ধারাবাহিকভাবে প্রচেষ্টা চালিয়ে আসছেন, বিশেষ করে আশ্রয় প্রার্থীরা আইনিভাবে কাজ করতে পারার আগে অর্থায়ন এবং অপেক্ষা করার সময়কাল কমিয়ে আনার জন্য। গভর্নর হোকল এবং তার প্রশাসন এই বিষয়টি সরাসরি প্রেসিডেন্ট বাইডেন, DHS সেক্রেটারি মায়োরকাস, চিফ অব স্টাফ জিয়েন্টস, সাবেক চিফ অব স্টাফ ক্লেইন এবং অন্যদের সামনে উত্থাপন করেছেন।

গত এপ্রিল থেকে নিউ ইয়র্কে আশ্রয় প্রার্থীরা এসে উপস্থিত হতে শুরু করার পর থেকে, গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটির প্রচেষ্টায় উল্লেখযোগ্য সহায়তা প্রদান করেছেন। এর মধ্যে লজিস্টিক এবং কার্যপরিচালনা সংক্রান্ত সহায়তা প্রদান করার জন্য ন্যাশনাল গার্ডের 1,000 জনেও বেশি সদস্যকে মোতায়েন করা, পোর্ট অথরিটি বাস টার্মিনালের একটি অংশকে নতুন আগমনকারীদের স্বাগত জানানোর কেন্দ্র হিসেবে ব্যবহার করা এবং আশ্রয়কেন্দ্রগুলোর মধ্যে পরিবহনের সহায়তা প্রদান করতে MTA-এর বাসগুলো কাজে লাগানো অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর নিউ ইয়র্ক সিটি এবং আশ্রয় ও অন্যান্য পরিষেবা প্রদানকারী প্রভাবিত এলাকাগুলোকে সহায়তা প্রদান করা অব্যাহত রেখেছে। আশ্রয় প্রার্থীরা এসে পৌঁছানোর পরে এবং আইনিভাবে কাজ করার অবস্থার জন্য অপেক্ষমান থাকার সময়ে তাদেরকে আশ্রয় দেওয়ার জন্য সিটির মধ্যকার উপযুক্ত সাইটগুলোর নির্বাচনের জন্য স্টেট নিউ ইয়র্ক সিটির সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)